



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
১৩২ নিউ ইফ্রাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

নং ৪১.০৩.০০০০.০০০.০৮১.৩২(৮).০০৭৭.২৫. ৯১৮

তারিখ : ০৬ কার্তিক ১৪৩২
২২ অক্টোবর ২০২৫

নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহে অনুদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২৫-২০২৬ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনের অনুকূলে এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বান করা হলো।

১। অনলাইনে আবেদনকারী নিবন্ধিত সমাজকল্যাণ সংগঠনসমূহ:

ক্র. নং	প্রতিষ্ঠানের ধরন	ফরম নম্বর	আবেদন ফি	যে লিংকে গিয়ে আবেদনকারী অনলাইনে আবেদন করতে পারবেন	কারিগরি সহায়তার জন্য
১.	জাতীয় সংগঠনকে অনুদান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক জাতীয় সংগঠন হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত)	ফরম নম্বর-২	৫০০/- (পাঁচশত) টাকা (পে-অর্ডারের মাধ্যমে)	http://services.msw.gov.bd/portal/jatio-porjaye	০১৭১১-০৭১৮৮৮ ০১৯৬৬-২৪৯২২৫ ০১৭১১-৩৭৮১৮১
২.	রোগীকল্যাণ সমিতিতে অনুদান (ক) মেডিকেল কলেজ হাসপাতাল (খ) জেলা সদর হাসপাতাল (গ) বিশেষায়িত হাসপাতাল	ফরম নম্বর-৪	১০০/- (একশত) টাকা	http://services.msw.gov.bd/portal/rugikollan	
৩.	সমন্বয় পরিষদ (ইউসিডি) কে অনুদান	ফরম নম্বর-৫	১০০/- (একশত) টাকা	http://services.msw.gov.bd/portal/ucd	
৪.	অপরোধী সংশোধন ও পুনর্বাসন সমিতিতে অনুদান	ফরম নম্বর-৬	১০০/- (একশত) টাকা	http://services.msw.gov.bd/portal/oporadh	

২। সরাসরি আবেদনকারী নিবন্ধিত সমাজকল্যাণ সংগঠনসমূহ:

ক্র. নং	প্রতিষ্ঠানের ধরন	ফরম নম্বর	আবেদন ফি	সরাসরি যে কার্যালয়ে আবেদন দাখিল করবেন
১.	স্বেচ্ছাসেবী সংগঠনকে অনুদান (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত)	ফরম নম্বর-৩	১০০/- (একশত) টাকা	সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয়
২.	উপজেলা রোগীকল্যাণ সমিতিতে অনুদান	ফরম নম্বর-৪	১০০/- (একশত) টাকা	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়

৩। আবেদন করার যোগ্যতা :


স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত, সক্রিয় এবং সমাজকল্যাণমূলক কাজে অবদান রাখছে এমন নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠন।

৪। আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
- হালনাগাদ কার্যনির্বাহী কমিটির সদস্যদের নামের তালিকা;
- চলমান ও বাস্তবায়িত কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ;
- বিধি অনুযায়ী সংগঠনের বিগত ০৩ (তিন) বছরের আয়-ব্যয়ের অডিট রিপোর্ট;
- বিগত অর্থবছরে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বা অধিদপ্তর সংগঠনের কার্যক্রম পরিদর্শন বা নিরীক্ষা করেছে কিনা? পরিদর্শন বা নিরীক্ষা করা হয়ে থাকলে এর প্রতিবেদন বা মন্তব্য;
- বিগত অর্থবছরের আয়কর বিবরণীর কপি (যদি থাকে);
- বাৎসরিক আর্থিক প্রতিবেদন/বাজেট বিবরণী; এবং
- জাতীয় পর্যায়ে সংগঠন হিসেবে স্বীকৃতির অনুলিপি (জাতীয় পর্যায়ে সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য)।

৫। আবেদন জমাদানের শেষ তারিখ : ৩১ ডিসেম্বর, ২০২৫

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। পরিষদের ওয়েবসাইট www.bnswc.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের ফটোকপি ব্যবহার করা যাবে। নির্ধারিত তারিখের পরে আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোনো আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



শামীমা ফেরদৌস
নির্বাহী সচিব (যুগ্মসচিব)

ফোন: +৮৮০২-২২২২২৮১২৫

ইমেইল: bnswcbd@gmail.com